# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১৩১৬ তারিখঃ ০৭.০৫.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২২ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ/ ০৫ মে, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৬ (কপি সংযুক্ত) এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ এবং ২৩/০৪/২০২০তারিখে জারিকৃত যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এবং ১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমন রোধকল্পে সরকার ঘোষিত সাধারন ছুটির মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর এবং ব্যবসা-বানিজ্যের সুবিধা বিবেচনায় অব্যাহতভাবে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদান করার লক্ষ্যে নিম্লোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০৩। আগামী ১০ মে ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচি সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত ( বেলা ১.১৫ মিঃ হতে ১.৩০ মিঃ পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৪। সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে লেনদেন চলাকালীন সময়ে-

ক) অনলাইন সুবিধা সম্বলিত শাখাসমূহকে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধানিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রতিটি উপজেলায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। এরূপ ব্যাংকের একই উপজেলায় একাধিক শাখা থাকলে শাখাসমূহ ব্যাংক কর্তৃপক্ষের বিবেচনায় পালাক্রমে খোলা রাখা যেতে পারে। তবে, এ বিষয়ে এলাকার গ্রাহকদের যথাযথভাবে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহানগর এলাকাসমূহে প্রতিটি থানায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। প্রয়োজনের নিরিক্ষে ব্যাংক কর্তৃপক্ষের স্বীয় বিবেচনায় একাধিক শাখা খোলা রাখা যেতে পারে। অনলাইন সুবিধা বহির্ভুত ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা থাকবে।

খ). সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের মধ্যে কমপক্ষে একটি শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত গুরুত্বপূর্ণ এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

ঘ) মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম- এ অবস্থিত সব তফসিলি ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

ঙ) শ্রমঘন শিল্প এলাকায় অবস্থিত ব্যাংকে সকল শাখা খোলা রাখতে হবে।

চ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ সমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখে ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

Tanmay

০৫। অনুচ্ছেদ নং (০৪) এ বর্ণিত স্থানসমূহ সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষিত এলাকার অর্ন্তভুক্ত হলে সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে ঐ স্থানে অবস্থিত শাখা/শাখাসমূহ উক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে খোলা রাখতে হবে।

০৬। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ, ট্রেজারি চালান গ্রহণ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের অওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, বিভিন্ন প্রণোদনা গুচ্ছের আওতাধীন কার্যক্রম এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, প্রযোজ্য ক্ষেত্রে গ্যাস/পানি/বিদ্যুৎ বিল গ্রহণসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন সার্কুলার অনুসারে এনআরবি বন্ডসহ বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট সংক্রান্ত কার্যাবলীও সম্পাদন করতে হবে।

০৭। খোলা রাখা শাখার ক্ষেত্রে যথাযথভাবে জনবল রোস্টারিংসহ সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনস্ এবং এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তা গ্রহণ করতে হবে।

০৮। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৯। বাংলাদেশ ব্যাংক এর উপরোক্ত নির্দেশনার আলোকে সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার নিমিত্তে সকল প্রকার লেনদেনের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা খোলা থাকবে এবং শাখার জনবল পূর্বের ন্যায় রোস্টারিং ভিত্তিতে নিয়োজিত থাকবে। বিভাগীয় কার্যালয়, মুখ্য-আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ পূর্বের ন্যায় শাখাসমূহের তদারকির দায়িত্ব পালন করবেন। বিভাগীয় নিরীক্ষা ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দায়িত্ব পালন করবেন। অফিস চলাকালীন সময়ে WHO এর নির্দেশনা মোতাবেক জীবানু সংক্রমণ বিষয়ে ইতিপূর্বের ব্যাংকের ও সরকারি সকল নির্দেশনা মেনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ ও আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ক্রেডিট বিভাগ, ঋণ আদায় বিভাগ এবং ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগসমূহ খোলা থাকবে। তাছাড়াও উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রয়োজন অনুযায়ী প্রধান কার্যালয়ের অন্যান্য বিভাগ খোলা রাখা যাবে। এক্ষেত্রে রোস্টারিং ভিত্তিতে সীমিত জনশক্তি নিয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহকে কার্য-সম্পাদন করতে হবে।

১০। এতদবিষয়ে ইতিপূর্বে জীরকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩/২০২০ এবং ডিওএস সার্কুলার লেটার নং-১৪/২০২০ যথাক্রমে অত্র বিভাগের পত্র নং ১২৯১ তারিখ ১৯-০৪-২০২০ এবং পত্র নং ১৩০১ তারিখ ২৬-০৪-২০২০ এর মাধ্যমে জারীকৃত পত্রসমূহ বাতিল হিসেবে গণ্য হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

07/05/2020

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/ ১৩১৬ তারিখঃ ০৭.০৫.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

07.05.2020

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

Tanmay

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

তারিখ ঃ ২২ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**<u>সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।</u>**

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ এবং ২৩/০৪/২০২০ তারিখে জারিকৃত যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এবং ১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর এবং ব্যবসা-বাণিজ্যের সুবিধা বিবেচনায় অব্যাহতভাবে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদান করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০১। আগামী ১০ মে ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত (বেলা ১.১৫ মিঃ হতে ১.৩০ মিঃ পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ) পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০২। সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে লেনদেন চলাকালীন সময়ে -

ক) অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহকে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রতিটি উপজেলায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। এরূপ ব্যাংকের একই উপজেলায় একাধিক শাখা থাকলে শাখাসমূহ ব্যাংক কর্তৃপক্ষের বিবেচনায় পালাক্রমে খোলা রাখা যেতে পারে। তবে, এ বিষয়ে এলাকার গ্রাহকদের যথাযথভাবে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহানগর এলাকাসমূহে প্রতিটি থানায় অন্ততঃ একটি শাখা (যেখানে শাখা রয়েছে) প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে। প্রয়োজনের নিরিখে ব্যাংক কর্তৃপক্ষের স্বীয় বিবেচনায় একাধিক শাখা খোলা রাখা যেতে পারে। অনলাইন সুবিধা বহির্ভূত ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা থাকবে।

খ) সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের মধ্যে কমপক্ষে একটি শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত গুরুত্বপূর্ণ এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

ঘ) মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত সব তফসিলি ব্যাংকের সব শাখা প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

ঙ) শ্রমঘন শিল্প এলাকায় অবস্থিত সব ব্যাংকের সকল শাখা খোলা রাখতে হবে।

চ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ সমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

০৩। অনুচ্ছেদ নং (০২) এ বর্ণিত স্থানসমূহ সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষিত এলাকার অর্ন্তভুক্ত হলে সংশিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে ঐ স্থানে অবস্থিত শাখা/শাখাসমূহ উক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে খোলা রাখতে হবে।

০৪। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ, ট্রেজারি চালান গ্রহণ, সরকারের বিভিন্ন সামাজিক কার্যক্রমের আওতায় প্রদত্ত ভাতা/অনুদান বিতরণ, বৈদেশিক রেমিট্যান্সের অর্থ পরিশোধ, বিভিন্ন প্রণোদনা গুচ্ছের আওতাধীন কার্যক্রম এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, প্রযোজ্য ক্ষেত্রে গ্যাস/পানি/বিদ্যুৎ বিল গ্রহণসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন সার্কুলার অনুসারে এনআরবি বন্ডসহ বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট সংক্রান্ত কার্যাবলীও সম্পাদন করতে হবে।

০৫। খোলা রাখা শাখার ক্ষেত্রে যথাযথভাবে জনবল রোস্টারিংসহ সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনস্ এবং এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তা গ্রহণ করতে হবে।

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। ইতোপূর্বে এ ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩/২০২০ এবং ডিওএস সার্কুলার লেটার নং-১৪/২০২০ বাতিল হিসেবে গণ্য হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩